## ‘জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২২’ উদযাপনের উদ্দেশ্যসমূহঃ

এদেশের জনগণের একটি বৃহৎ অংশ দরিদ্র ও নিরক্ষর। আইনগত অধিকার সম্পর্কে অসচেতন এসব মানুষের অধিকার লঙ্ঘিত হলে অথবা কোনো আইনি জটিলতায় পতিত হলে আর্থিক দৈন্যতা ও সামাজিক প্রতিবন্ধকতার করণে এরা আদালতের আশ্রয় নিতে পারেন না। কিন্তু তাদের জন্য রয়েছে সরকারি খরচে আইনগত সহায়তার ব্যবস্থা। তাই বিনামূল্যে আইনি সেবা প্রদান ও গ্রহণ কার্যক্রমের সাফল্য নির্ভর করছে ব্যাপক প্রচার-প্রচারণা ও জনমত সৃষ্টির উপর। একারণেই জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপী ২৮শে এপ্রিল বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে জাতীয় আইনগত সহায়তা দিবস উদযাপন করা হয়। সংক্ষেপে এবারের ‘জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২২’ উদযাপনের উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

১. সরকারি আইনি সেবা সম্পর্কে জনগণকে সচেতন করা;
২. দরিদ্র ও অসহায় জনগণের ন্যায় বিচারে সহজ প্রবেশাধিকার নিশ্চিত করা;
৩. জনগণকে আইনগত অধিকার বিষয়ে সচেতন করা;
৪. সরকারি আইন সহায়তা কার্যক্রম আরো কার্যকর,বিস্তৃত ও শক্তিশালী করা;
৫. সরকারি ও বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার (এনজিও) যৌথ উদ্যোগের মাধ্যমে আইন সহায়তা কর্যক্রম আরো গতিশীল ও কার্যকরী করা।
৬. লিগ্যাল এইড অফিসারের মধ্যস্থতায় গতানুগতিক আইনি প্রক্রিয়ার আনুষ্ঠানিকতা ও দীর্ঘসূত্রিতা থেকে উত্তরণের লক্ষ্যে বিকল্প উপায়ে বিরোধীয় পক্ষগণের মধ্যকার বিরোধ বা মামলা বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে সম্পন্ন করে লিগ্যাল এইড অফিসকে ‘এডিআর কর্ণার’ হিসেবে প্রতিষ্ঠা করা এবং তৃণমূল পর্যায় পর্যন্ত সরকারি আইনি সেবা প্রচার ও প্রসার ঘটানো।

## “জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২২” উদযাপন উপকমিটি, ভোলা।

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | যুগ্ম জেলা ও দায়রা জজ (প্রথম আদালত), ভোলা | আহবায়ক। |
| ০২ | অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা | সদস্য। |
| ০৩ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা | সদস্য। |
| ০৪ | অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অপরাধ), ভোলা | সদস্য। |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ভোলা | সদস্য। |
| ০৬ | সিভিল সার্জনের প্রতিনিধি, ভোলা | সদস্য। |
| ০৭ | জেলা তথ্য কর্মকর্তা, ভোলা | সদস্য। |
| ০৮ | পাবলিক প্রসিকিউটর, ভোলা | সদস্য। |
| ০৯ | সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, ভোলা | সদস্য। |
| ১০ | নির্বাহী পরিচালক, গ্রামীণ জন উন্নয়ন সংস্থা, ভোলা | সদস্য। |
| ১১ | জেলা লিগ্যাল এইড অফিসার (সহকারী জজ), ভোলা | সদস্য সচিব। |

**অনুষ্ঠানসূচীঃ**

| | | |
|---|---|---|
| ২৮/০৪/২২ খ্রিঃ<br><br>সকাল<br><br>০৯:০০ মিঃ থেকে ১১:৩০ মিঃ | ০৯:০০ মিঃ | লিগ্যাল এইড মেলা উদ্বোধন।<br>কবুতর ও বেলুন উড়ানো। |
| | ০৯:৩০ মিঃ | বর্ণাঢ্য লিগ্যাল এইড র‍্যালি। |
| | ১০:০০ মিঃ | আমন্ত্রিত অতিথিদের নিয়ে মেলা পরিদর্শন। |
| | ১০:২০ মিঃ | স্বেচ্ছা রক্তদান কর্মসূচীর উদ্বোধন। |
| | ১০:৩০ মিঃ | আইনগত সহায়তা বিষয়ক বিশেষ ভিডিও চিত্র প্রদর্শনী। |
| | ১০:৪০ মিঃ | আলোচনা সভা। |
| | ১১:০০ মিঃ | শ্রেষ্ঠ লিগ্যাল এইড উপজেলা চেয়ারম্যান, শ্রেষ্ঠ লিগ্যাল এইড ইউনিয়ন চেয়ারম্যান, শ্রেষ্ঠ লিগ্যাল এইড প্যানেল আইনজীবী এবং শ্রেষ্ঠ বেসরকারি সংস্থা পুরস্কার বিতরণ। |
| | ১১:১০ মিঃ | স্কুল, কলেজ ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের মধ্য থেকে লিগ্যাল এইড বিষয়ক কুইজ প্রতিযোগিতা বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ। |
| | ১১:২০ মিঃ | লিগ্যাল এইড বিষয়ক পথ নাটক প্রদর্শনী। |
| | ১১:৩০ মিঃ | সমাপনী বক্তব্য। |